159

29 MAY 1997
তারিখ
পৃষ্ঠা ... 9 ... কলাম 6 ...

দৈনিক ইত্তেফাক

আলীম পরীক্ষা

## প্রবেশপত্রের অভাবে ১২ জন পরীক্ষা দিতে পরে নাই ॥ অধ্যক্ষ পলাতক

গোপালপুর (টাঙ্গাইল) সংবাদদাতা ॥ প্রবেশপত্র না পাওয়ায় এই থানার সেনেরচর শাহ সূফী সিনিয়র মাদ্রাসার ১২ জন পরীক্ষার্থী আলীম পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারে নাই।

অভিযোগে প্রকাশ, ঐ মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা আঃ মজিদ গত জানুয়ারী মাসে ফরম ফিলাপের সময় পরীক্ষার্থীদের নিকট হইতে যাবতীয় টাকা আদায় করিলেও মাদ্রাসা বোর্ডে জমা দেন নাই। ফলে মাদ্রাসা বোর্ড পরীক্ষার্থীদেরকে প্রবেশপত্র প্রদানে বিরত থাকেন। পরীক্ষার্থীরা থানায় মামলা দায়ের করায় অধ্যক্ষ গাঢাকা দিয়াছেন।